# 2025

## BENGALI

## ( Major )

Paper : BEN0500404

( ছন্দ-অলংকার, প্রাচ্য কাব্যতত্ত্ব ও সমালোচনা সাহিত্য )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) "বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারণসাধ্য ধ্বনিকে বলে ____।"

( শূন্যস্থান পূর্ণ করো)

(খ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'সংঘর্ষ' শব্দের মাত্রা কত?

(গ) "বিরতি আহারে রাঙাবাস পরে যেমতি যোগিনী পারা।"—এই উপমা অলংকারে তুলনাবাচক শব্দটি কী?

(ঘ) "কুলায় কাঁপিছে কাতর কপোত"—অলংকার নির্ণয় করো।

(ঙ) বীররসের স্থায়ী ভাবের নাম কী?

(চ) লৌকিক জগতে যা রতি প্রভৃতি ভাবের উদ্‌বোধক তাকে কাব্যে, নাটকে কী বলে?

(ছ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাহিত্য' কত সালে প্রকাশিত হয়?

(জ) "এই রস মহাকাব্যের প্রাণস্বরূপ"— রবীন্দ্রনাথ এখানে কোন্ রসের কথা বলেছেন?

২। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) চরণ বলতে কী বোঝো? একটি উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

(খ) অর্থালংকারকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? উপমা অলংকার কোন্ শ্রেণিভুক্ত?

(গ) পূর্ণোপমার চারটি অঙ্গের মধ্যে যে কোনো দুটি অঙ্গের নাম লেখো।

(ঘ) সংস্কৃত অলংকার শাস্ত্রের যে কোনো দুজন আলংকারিকের নাম লেখো।

(ঙ) "পঞ্চশরে দগ্ধ করে করেছ এ কী সন্ন্যাসী।" কবিতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? কবির নাম কী?

(চ) " ____ এবং আত্মগত ____, সাহিত্যে এই দুটো বাজে কথা কোনো কোনো মহলে চলিত আছে।"

(শূন্যস্থান পূর্ণ করো)

(ছ) "ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধান দুইটি জিনিস মিশাইয়া থাকে।" জিনিস দুটি কী কী?

(জ) পর্ব কাকে বলে, উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

(ঝ) কাব্য-নির্মাণ কৌশলের কয়টি ভাগ? যে কোনো একটি ভাগের নাম লেখো।

(ঞ) "যেমন পরিপূর্ণ কুম্ভ থেকে জল উচ্ছলিত হয়ে পড়ে, তেমনি করে ঐ রস মুনির মন থেকে ছন্দোবৃত্তিনিয়ন্ত্রিত শ্লোক রূপে নির্গত হয়েছে।" মন্তব্যটি কে করেছেন? এখানে কোন্ মুনির কথা বলা হয়েছে?

৩। নির্দেশানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো :

খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে,
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে,
কী ছিল বিধাতার মনে।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :

কাক কালো, কোকিল কালো, কালো ফিঙের বেশ
তাহার অধিক কালো কন্যে তোমার চিকন কেশ।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

ধরণী এগিয়ে এসে দেয় উপহার
এ যেন কনিষ্ঠা মেয়ে দুলালি আমার।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

(ঙ) উদাহরণসহ সঞ্চারীভাবের সংজ্ঞা নির্দেশ করো।

(চ) সমাসোক্তি অলংকারে যে ব্যঞ্জনা থাকে তা কেন কাব্যের আত্মা, ধ্বনি নয়—ব্যাখ্যা করো।

(ছ) ‘‘চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ’’—আলোচনা করো।

(জ) ‘‘সাহিত্যের মা যেমন করিয়া কাঁদে প্রাকৃত-মা তেমন করিয়া কাঁদে না’’— মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ও ধ্বনিপ্রধান ছন্দের মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(খ) তানপ্রধান ছন্দে অক্ষরের শোষণশক্তি বলতে কী বোঝায় তা উদাহরণসহ আলোচনা করো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও :

১। শ্লেষ ও যমক

২। উপমা ও রূপক

৩। অপহ্নুতি ও উৎপ্রেক্ষা

(ঘ) ‘‘কাব্যের আত্মা হচ্ছে তার বাচ্য নয়, ব্যঞ্জনা, কথা নয়, ধ্বনি।’’ মন্তব্যটির যাথার্থ্য নির্ণয় করো।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘ঐতিহাসিক উপন্যাস’ প্রবন্ধ অবলম্বনে ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে রবীন্দ্রনাথের মতামত আলোচনা করো।

★★★